# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ দুনিয়ায় গভীরভাবে লিপ্ত হওয়া পরকালকে ক্ষতিগ্রস্থ করে যেমনভাবে আখেরাত গভীরভাবে অন্বেষন করা দুনিয়ার প্রয়োজনাতিরিক্ত জিনিসের ক্ষেত্রে ক্ষতিসাধন করে

## ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْإِمْعَانَ فِي الدُّنْيَا يَضُرُّ فِي الْعُقْبَى كَمَا أَنَّ الْإِمْعَانَ فِي طَلَبِ الْآخِرَةِ يَضُرُّ فِي فُضُولِ الدُّنْيَا

আরবী

707 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْإِسْكَنْدَرَانِيُّ عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرٍو عَنِ الْمُطَّلِبِ عَنْ أَبِي مُوسَى أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى الله عليه وسلم قَالَ: (مَنْ أَحَبَّ دُنْيَاهُ أَضَرَّ بِآخِرَتِهِ وَمَنْ أَحَبَّ آخِرَتَهُ أَضَرَّ بِدُنْيَاهُ فَآثِرُوا مَا يَبْقَى على ما يفنى)
الراوي : أَبُو مُوسَى الْأَشْعَرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 707 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৭০৭. আবু মুসা আশ‘আরী রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি তার দুনিয়াকে ভালবাসে, সে ব্যক্তি তার আখেরাতকে ক্ষতিগ্রস্থ করে, আর যে ব্যক্তি আখেরাতকে ভালবাসে, সে তার দুনিয়াকে ক্ষতিগ্রস্থ করে। কাজেই তোমরা চিরস্থায়ী জিনিসকে ক্ষণস্থায়ী জিনিসের উপর অগ্রাধিকার দাও।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৩৮; মুসনাদুশ শিহাব: ৪১৮; মুসনাদ আহমাদ: ৪/৪১২; হাকিম, আল মুসতাদরাক: ৪/৩০৮; সুনান বাইহাকী: ৩/৩৭০; মাজমা‘উয যাওয়াইদ: ১০/২৪৯।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আয য‘ঈফা: ৫৬৫০।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89209

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন